গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.৫৯.০০১.২২.৪৫৩

তারিখ: ১১ পৌষ ১৪৩০
২৬ ডিসেম্বর ২০২৩

বিষয়: **মহামান্য হাইকোর্ট বিভাগ-এ দায়েরকৃত কনটেম্পট পিটিশন নং-৪০০/২০২৩ (রিট পিটিশন নং-৯১৫০/২০২৩ হতে উদ্ভুত) পরিচালনা সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোহাম্মদ রুহুল আমিন, সহকারী শিক্ষক (ইসলাম ধর্ম), হাতেমপুর মাধ্যমিক বিদ্যালয়, পাথরঘাটা, বরগুনা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক এনটিআরসি-এর সনদ না থাকায় ৩৭.০২.০০০০.১০৭.৩১.২১৯.২০২৩-১৩২০, তারিখ: ১৯/০৬/২০২৩ মোতাবেক তার বেতন-ভাতা বন্ধ করা হয়। জনাব মোহাম্মদ রুহুল আমিন আবেদনে উল্লেখ করেন যে, তিনি ১৫/০৩/২০০৪ তারিখে উক্ত বিদ্যালয়ে নিয়োগপ্রাপ্ত হয়ে ১৬/০৩/২০০৪ তারিখে যোগদান করেন এবং নিয়োগকালীন এন.টি.আর.সি.এ-এ ব্যবস্থা ছিল না। তিনি তার নিয়োগের বৈধতা চেয়ে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-৯১৫০/২০২৩ দায়ের করেন। উক্ত রিট পিটিশনের আলোকে মহামান্য হাইকোর্ট প্রথমে ২৪/০৭/২০২৩ তারিখ কারণ দর্শানোর নোটিশ অত:পর ৩১/০৮/২০২৩ তারিখে এমপিও শীটে বেতন-ভাতা ছাড়করণের নির্দেশ প্রদান করেন। তিনি মহামান্য সুপ্রিম কোর্ট, হাইকোর্ট বিভাগের মামলার (রিট পিটিশন নং-৪৬২০/২০২০) আদেশ/রায় বাস্তবায়ন না হওয়ায় তিনি সংক্ষুব্ধ হয়ে মহামান্য সুপ্রিম কোর্টের, হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-৪০০/২০২৩ মামলা দায়ের করেন। এ কনটেম্পট মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর-কে বিবাদী করা হয়েছে।

২.০ এমতাবস্থায়, মহামান্য সুপ্রিম কোর্ট, হাইকোর্ট বিভাগে দায়েরকৃত কনটেম্পট পিটিশন নং-৪০০/২০২৩ (রিট পিটিশন নং-৯১৫০/২০২৩ হতে উদ্ভুত) মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-কে ১নং বিবাদী হিসেবে অন্তর্ভূক্ত করা হয়েছে সেহেতু সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষে মামলা পরিচালনার লক্ষ্যে উপর্যুক্ত বর্ণনার আলোকে নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

(ক) কনটেম্পট পিটিশন নং-৪০০/২০২৩ (রিট পিটিশন নং-৯১৫০/২০২৩ হতে উদ্ভুত) মামলাটি সরকার পক্ষে পরিচালনার জন্য সলিসিটর উইং এর সাথে যোগাযোগপূর্বক একজন বিজ্ঞ কৌসুলি নিয়োগকরণ;
(খ) উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের স্বাক্ষরের নিমিত্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণ;
(গ) কনটেম্পট মামলার জবাব ইতোমধ্যে প্রদান করা না হয়ে থাকলে সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদনকরণ;
(ঘ) কনটেম্পট মামলার দফাওয়ারী জবাব প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌসুলির নিকট প্রেরণ; এবং
(ঙ) উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

২৬-১২-২০২৩
মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব
ফোন: ৫৫১০১১৬৯
ইমেইল: law.section1@shed.gov.bd

মহাপরিচালক
মহাপরিচালকের দপ্তর
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.৫৯.০০১.২২.৪৫৩/১(৩)

তারিখ: ১১ পৌষ ১৪৩০
২৬ ডিসেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

২) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]

৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

২৬-১২-২০২৩
মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব